



**DEPARTMENT OF HISTORY  
RAMSADAY COLLEGE  
SEMESTER-4<sup>TH</sup> HONS  
CC-8  
TOPIC : SHORT QUESTIONS  
BY - SANKARDEV MAIT**

১. পার্চমেন্ট বা ভেলাম কী ?

কাগজ আবিষ্কারের পূর্বে সাধারণত লেখার কাজে ব্যবহৃত পাতলা পশ্চচর্মকে পার্চমেন্ট বা ভেলাম বলা হয়।

২. আধুনিক মুদ্রন যন্ত্রের আবিষ্কারক কে ?

জার্মানির জোহান গুটেনবার্গ।

৩. জোহান গুটেনবার্গ মুদ্রিত বাইবেলের নাম কী ?

৪৮ লাইনস বাইবেল

৪. ইনকুনাবুলা কী ?

পঁথির আদলে ছাপা বইকে বলা হয় ইনকুনাবুলা। ঘোড়শ শতকের শেষ পর্যন্ত এই ধরনের বই ছাপা হত।

৫. বারুদের আবিষ্কার প্রথম কোথায় হয় ?

চীনে।

৬. আরক্যুইবাস কী ?

আরক্যুইবাস এক ধরনের বন্দুক যার অগ্রভাগে বলমের মত অস্ত্র যুক্ত থাকত।

৭. বিল অফ এক্সচেঞ্জ কী ?

সপ্তদশ শতকের মধ্যভাগ থেকে ইউরোপে এক ধরনের আধুনিক ব্যাঙ্ক নোটের প্রচলন ঘটে যাকে বলা হয় বিল অফ এক্সচেঞ্জ।

৮. ব্যাঙ্ক অফ ইংল্যান্ড কবে স্থাপিত হয় ?

১৬৯৪ খ্রীঃ।

৯. ব্যাঙ্ক অফ স্টেটল্যান্ড কবে স্থাপিত হয় ?

১৬৯৫ খ্রীঃ।

১০. ওয়েস্টফালিয়ার সংক্ষি কবে কাদের মধ্যে স্বাক্ষরিত হয় ?

দীর্ঘ ৩০ বছর ব্যাপী রক্তাক্ত যুদ্ধের পর ১৬৪৮খ্রীঃ ওসানব্রায় অস্ট্রিয়া ও সুইডেনের মধ্যে এবং মুনস্টারে স্পেন ও হল্যান্ডের মধ্যে শান্তিচুক্তি স্বাক্ষরিত হয়। এই দুটি শান্তিচুক্তিকে একত্রে ওয়েস্টফালিয়ার সংক্ষি বলে।

১১. কোপারনিকাস কে ছিলেন ?

প্রথ্যাত পোলিস বিজ্ঞানী কোপারনিকাস ছিলেন আধুনিক জ্যোতির্বিজ্ঞানের জনক।

তিনি প্রচার করেন যে পৃথিবী সূর্যকে প্রদক্ষিণ করে।

১২. কোপারনিকাসের লেখা গ্রন্থের নাম কী ?

#### SIX BOOKS ON THE REVOLUTIONS OF THE CELESTIAL SPHERES

১৩. গ্যালিলিও কে ছিলেন ?

ইতালির এক জন বিশিষ্ট জ্যোতির্বিজ্ঞানী ছিলেন গ্যালিলিও। তিনি দোলোকের সূত্র, পতনশীল বস্তুর গতিসূত্র ও দূরবিন আবিষ্কার করেন। এছাড়া তিনি কোপারনিকাসের মতবাদকেও সমর্থন করেন।

১৪. নিউটন কে ছিলেন ?

ইংল্যান্ডের বিশিষ্ট বিজ্ঞানী স্যার আইজাক নিউটন মহাকর্ষ সুত্রের আবিষ্কারক। তাঁর রচিত গ্রন্থের  
নাম **PRINCPIA**

১৫. রয়্যাল সোসাইটি কবে কোথায় প্রতিষ্ঠিত হয় ?

১৬৬০ খ্রীঃ ইংল্যান্ড।

১৬. কোন শাসকের আমলে ইংল্যান্ডে গৌরবময় বিপ্লব হয়েছিল ?

স্টুয়ার্ট রাজা দ্বিতীয় জেমস।

১৭. লেভিয়াথান গ্রন্থের রচয়িতা কে ?

টমাস হ্বস।

১৮. জন লকের রচিত গ্রন্থের নাম কী ?

#### **TWO TREATIES ON CIVIL GOVERNMENT**

১৯. ক্রিস্টোফার হিল রচিত গ্রন্থের নাম কী ?

#### **THE ENGLISH REVOLUTION**

২০. জি. আর. এলটন রচিত গ্রন্থের নাম কী ?

#### **ENGLAND UNDER THE TUDORS**

---